ইত্তেফাক

তারিখ ... ২২/১২/৭৯ ...
পৃষ্ঠা ... কলাম ...

~~১৬৬~~ 6

# কিশোর বিজ্ঞানীদের প্রতিযোগিতা ও প্রদর্শনী

(ইত্তেফাক রিপোর্ট)

সাভার হইতে বাঁশের তৈরী টর্চলাইট, ঢাকা হইতে সহজ ধরনের উন্নত লাঙ্গল ও বহুতল মাচান, কুমিল্লা হইতে দুইতিন চাউলের ধান, বরগুনার নাচনে পুতুল আসিয়াছে "অনূর্ধ্ব ষোল" বয়সীদের বিজ্ঞান প্রতিযোগিতার প্রদর্শনীতে। জাতীয় বিজ্ঞান নীতিতে মুক্তাঙ্গন বিজ্ঞান চর্চাকে প্রাধান্যদানের আশ্বাস দিয়া প্রযুক্তি প্রতিমন্ত্রী ডঃ আর, এ, গনি গতকাল শুক্রবার বিজ্ঞান যাদুঘরে তিনদিনের প্রতিযোগিতা ও প্রদর্শনী উদ্বোধন করেন।

(৭ম পৃঃ দ্রঃ)

## কিশোর বিজ্ঞানীদের প্রদর্শনী

(১ম পৃঃ পর)

সর্বসাধারণের জন্য প্রদর্শনীর সময় বিকাল বেলা।

কর্মধারার দশবছরে বিজ্ঞান যাদুঘরের আয়োজিত অনূর্ধ্ব হাইস্কুল বয়সীদের প্রতিযোগিতা ইহাই প্রথম। জাতীয় বিজ্ঞান সপ্তাহ উদযাপনের তিনমাস আগে আন্তর্জাতিক শিশুবর্ষ উপলক্ষেই এই উদ্যোগ। নববর্ষে বিজ্ঞান যাদুঘরের প্রথম আয়োজন হইবে চাঁদের মাটির প্রদর্শনী। 'বাংলাদেশে মাছ ধরার পদ্ধতির উপর দ্বিতীয় আলোকচিত্র প্রতিযোগিতায় কিশোরগঞ্জের স্কুলছাত্র উত্তম করের পাঁচটি ছবি তিরিশটি ছবির মধ্যে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জন করে।

বিজ্ঞান প্রতিযোগিতায় অন্তর্ভুক্ত ৪০টি এন্ট্রির মধ্যে ক্লাব ও ব্যক্তি—উভয় ধরনের প্রতিযোগী উদ্ভাবন ও পরীক্ষা স্থান পাইয়াছে।

প্রতিবৎসর প্রায় সাড়ে ৫ হাজার শিক্ষার্থী বিজ্ঞানে গ্রাজুয়েশন লাভ করেন এদেশে, অথচ তন্মধ্যে ৫ শত জনকেও গবেষক বিজ্ঞানকর্মী হিসাবে পাওয়া যায় না। গত ২০ বছরে বহু তরুণ প্রতিশ্রুতিশীল নিরীক্ষা হাজির করিয়াছে। কিন্তু কর্মজীবনে তাহাদের মেধা, দৃষ্টিভঙ্গী মনন হারাইয়া গিয়াছে। এ তথ্য উল্লেখ করিয়া সভাপতির ভাষণে ডঃ বজলে আলী বলেন, বিজ্ঞান শিক্ষার মধ্যেই কোথাও একটি বড় গলদ ও শূন্যতা না থাকিলে এমনটি ঘটিত না।

প্রতি বিভাগে শাখা স্থাপন চারটি ভ্রাম্যমাণ প্রদর্শনী ভ্যান সহ শেরে বাংলানগরে প্রায় ৯ একর স্থানের উপর বিজ্ঞান যাদুঘরের নিজস্ব ভবন প্রতিষ্ঠার ২২ কোটি টাকার পরিকল্পনা রহিয়াছে। তবে এই খাতে এবারের ১ কোটি ২২ লক্ষ টাকার মঞ্জুরীর অর্থ পাওয়া যায় নাই।